দৈনিক ইত্তেফাক

তারিখ 07 JAN 2015
পৃঃ ১৫ কলাম ০২

# স্ত্রী নির্যাতনের অভিযোগে কলেজ শিক্ষক আটক

■ দেওয়ানগঞ্জ (জামালপুর) সংবাদদাতা

স্ত্রীর দায়ের করা নারী নির্যাতন মামলায় দেওয়ানগঞ্জ হাতীভাঙ্গা এম.এম ডিগ্রী কলেজের শিক্ষক আসাদুজ্জামান ভুলুকে পুলিশ গ্রেফতার করে মঙ্গলবার জেল হাজতে পাঠিয়েছে। জানা যায়, কলেজ শিক্ষক বেশ কিছুদিন ধরে যৌতুকের জন্য স্ত্রী রোকসানা আক্তার চান মনিকে মারধর ও পাশবিক নির্যাতন চালায়। স্ত্রী নারী নির্যাতন মামলা দায়ের করলে, বকশীগঞ্জ থানার পুলিশ দেওয়ানগঞ্জ থানার পুলিশের সহযোগিতায় চর হাতিভাঙ্গা গ্রাম থেকে তাকে গ্রেফতার করে।